# কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ**

মৎস্যখাত উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ প্রতিষ্ঠার অগ্রযাত্রায় গুরুত্বপুর্ণ অংশীদার। বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০২৩ অনুযায়ী মৎস্যখাতে জিডিপি প্রবৃদ্ধি ২.৪১ শতাংশ এবং কৃষিজ জিডিপি'র ২২.১৪ শতাংশ মৎস্যখাতের অবদান। দৈনন্দিন মাথাপিছু মাছ গ্রহনের পরিমাণ দাড়িয়েছে ৬৭.৮০ গ্রাম (এইচআইইএস, ২০২২)। বিগত তিন অর্থবছরে (২০২০-২১, ২০২১-২২ ও ২০২২-২৩) মোট মৎস্য উৎপাদন ছিল ৪৬.২১, ৪৭.৫৯ ও ৪৯.১৫ লক্ষ মেট্রিক টন। বিগত তিন অর্থবছরে (২০২০-২১, ২০২১-২২ ও ২০২২-২৩) ৭৬৫৯১.৬৯, ৭৪০৪২.৬৭ ও ৬৯৮৮০.৫৯ মে.টন মৎস্য ও মৎস্যজাত পণ্য রপ্তানি করে যথাক্রমে ৪০৮৮.৯৬, ৫১৯১.৭৫ ও ৪৭৯০.৩৪ কোটি টাকার বৈদেশিক মুদ্রা অর্জিত হয়েছে। অভ্যন্তরীণ মুক্ত জলাশয়ে মাছ উৎপাদন ও বদ্ধ জলাশয়ে চাষকৃত মাছ উৎপাদনে বাংলাদেশ বিশ্বে যথাক্রমে ৩য় ও ৫ম স্থান অধিকার করেছে (এফএও, ২০২২)।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ**

- ব্রুডস্টকের অবক্ষয়, গুণগত মানসম্পন্ন পোনা, খাদ্য ও অন্যান্য উপকরণের অপর্যাপ্ততা;
- জলাবদ্ধতা, মাছের মাইগ্রেশন বাধাপ্রাপ্ত হওয়া ও জীববৈচিত্র্য হ্রাস;
- মাছের প্রজনন ও বিচরণক্ষেত্র সংকুচিত ও বাধাগ্রস্ত হওয়া;
- গলদা ও বাগদা চাষের ক্ষেত্রে গুণগত মানসম্পন্ন ও ভাইরাসমুক্ত পিএল এর অপর্যাপ্ততা;
- অভয়াশ্রম স্থাপন ও রক্ষণাবেক্ষণ ব্যবস্থা অপ্রতুল; এবং
- সামুদ্রিক মৎস্যসম্পদের মজুদ নির্ণয়, স্থায়িত্বশীল আহরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনা।

**ভবিষ্যৎ পরিকল্পনা**

সরকারের নির্বাচনী ইশতেহার, ২০৪১ সালের মধ্যে উন্নত-সমৃদ্ধ দেশে উন্নীতকরণ এবং টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)-এ উল্লিখিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় (২০২১-২০২৫) মৎস্য সেক্টরে অর্জিতব্য প্রধান লক্ষ্যসমূহ নির্ধারণ করা হয়েছে:

- চাষকৃত মাছের উৎপাদন ২০১৯-২০ সালের (২৫.৮৩ লক্ষ মেট্রিক টন) তুলনায় ১২.৫০ শতাংশ এবং মোট মাছের উৎপাদন ১১ শতাংশ বৃদ্ধি করা;
- দৈনিক মাথাপিছু মাছ গ্রহণের পরিমাণ ৭৩ গ্রাম নিশ্চিত করা;
- হিমায়িত চিংড়ি, মাছ ও ভ্যালু অ্যাডেড মৎস্যপণ্য রপ্তানি বৃদ্ধিকরণ;
- বেকার যুবক ও যুবমহিলাদের জন্য অধিকতর কর্মসংস্থান সৃষ্টি ও মৎস্যচাষে ২০-২৫ শতাংশ নারীর অংশগ্রহণ নিশ্চিতকরণ;
- আন্তর্জাতিক বাজারে মাছ ও চিংড়ি সরবরাহের প্রতিটি ধাপে উত্তম চাষ ব্যবস্থাপনা ও সরবরাহ ব্যবস্থা গড়ে তোলা; এবং
- সামুদ্রিক মৎস্যসম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণের জন্য গৃহীত পরিকল্পনা বাস্তবায়ন।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ**

নেত্রকোণা জেলার দুর্গাপুর উপজেলায় ১ টি প্রদর্শনী মৎস্য খামার ও ১ টি বিল নার্সারি স্থাপন, ০.৩০ মেট্রিক টন পোনা মাছ অবমুক্তকরণ এবং ০৮ টি মৎস্য খাদ্য সংক্রান্ত লাইসেন্স প্রদান ও নবায়ন;
দক্ষতা উন্নয়নের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ১০০ জন মৎস্যচাষি/সুফলভোগী ও ০০ জন মৎস্য অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারিদের প্রশিক্ষণ প্রদান;
মৎস্যসম্পদ উন্নয়নে ১৩ টি অভিযান পরিচালনা, ০০ জনমৎস্যজীবীর বিকল্প কর্মসংস্থান সৃষ্টি; এবং
এ সকল কার্যক্রমের মাধ্যমে ২০২৪-২৫ অর্থবছরে মাছের উৎপাদন ৫২.৫৫ লক্ষ মেট্রিক টনে উন্নীতকরণে অবদান রাখা।